সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৫শে পৌষ বুধবার সন ১৩৪৬ সাল

## জঙ্গিপুর বার এসোসিয়েসন

এবারে নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ জঙ্গিপুর বার এসোসিয়েসনের কর্ম্মনির্ব্বাহক সমিতির বিভিন্ন পদে নির্ব্বাচিত হইয়াছেন :—

বাবু অবিনাশচন্দ্র মৈত্র—সভাপতি
বাবু যোগীন্দ্রনারায়ণ দত্ত—সহঃ-সভাপতি
বাবু শ্যামাচরণ চক্রবর্ত্তী—সম্পাদক
বাবু গঙ্গাধর সিংহ রায়—সহঃ সম্পাদক।

## উপ-নির্ব্বাচন

গত ৬ই জানুয়ারী শনিবার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ১নং ও ৩নং ওয়ার্ডের উপ-নির্ব্বাচন হইয়া গিয়াছে। ১নং ওয়ার্ডে শ্রীযুক্ত ছকমল সেরাওগী এবং ৩নং ওয়ার্ডে হাজী মুন্সী মনিরুদ্দিন আহম্মদ ও শ্রীযুক্ত লক্ষ্মণ হালদার নির্ব্বাচিত হইয়াছেন।

## ময়দা ও মোটা চিনি

কয়েকদিন ধরিয়া স্থানীয় সহরের দোকানসমূহে ময়দা ও মোটা চিনি পাওয়া না যাওয়ায় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছিল। ২।৩ দিন হইতে মোটা চিনি পাওয়া যাইতেছে কিন্তু ময়দার অভাব এখনও বর্ত্তমান রহিয়াছে।

## জঙ্গিপুর মহকুমা কৃষি ও শিল্প প্রদর্শনী

### নিমতিতা অধিবেশন—১৯৪০

ইতিপূর্ব্বে জঙ্গিপুর কৃষি-শিল্প প্রদর্শনীর অধিবেশন রঘুনাথগঞ্জ সহরেই সম্পন্ন হইয়াছে। এইবারে নিমতিতা গ্রামে উক্ত প্রদর্শনীর অধিবেশনের ব্যবস্থা করিয়া কর্ত্তৃপক্ষ ঐ অঞ্চলের পল্লীর জনসাধারণের ধন্যবাদভাজন হইবেন সন্দেহ নাই। এতদিন তাঁহাদের সকলের পক্ষে সহরে আসিয়া উক্ত অনুষ্ঠানে যোগ দেওয়া সম্ভব হয় নাই। আমরা আশা করি প্রদর্শনী কমিটীর সেক্রেটারী বাবু রাধানাথ চৌধুরী মহাশয়ের একান্ত চেষ্টা ও আগ্রহে উহা সুসম্পন্ন হইবে।

## জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসায় শোকসভা

জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসার প্রথম আরবী শিক্ষক মৌলবী আবদুর রাজ্জাক সাহেব গত ৬ই জানুয়ারী তারিখে নিজবাটী গোপালগঞ্জে রক্তবমন রোগে প্রাণত্যাগ করিয়াছেন। তিনি গত ৪ বৎসর হইতে এই মাদ্রাসায় শিক্ষকতা করিতেছিলেন। তিনি অভিজ্ঞ, সদালাপী, ধর্ম্মভীরু ও উত্তম ফুটবল খেলোয়াড় ছিলেন। তাঁহার মৃত্যুর জন্য গত ৮ই জানুয়ারী তারিখে মাদ্রাসার অন্যতম শিক্ষক শ্রীযুক্ত পার্ব্বতীচরণ রায় বি, এ, মহাশয়ের সভাপতিত্বে শিক্ষক ও ছাত্রবর্গের একটী শোকসভা আহুত হয়। মৃতের আত্মার সদ্গতির জন্য জেনাজা ও দোওয়া সমাপনান্তে সভা ভঙ্গ হয় ও সেই দিনের মত মাদ্রাসা বন্ধ করা হয়।

## ভারতের যুদ্ধকালীন অর্থনীতি

বাংলার ভূতপূর্ব্ব অর্থ-সচিব মিঃ নলিনীরঞ্জন সরকার মহাশয় সম্প্রতি সরকারী শিল্প-মিউজিয়মে "ভারতের যুদ্ধকালীন অর্থনীতি" সম্পর্কে যে বক্তৃতা প্রদান করিয়াছিলেন, তাহা পুস্তিকা আকারে মুদ্রিত হইয়াছে। ৭নং কাউন্সিল হাউস্ ষ্ট্রীট, কলিকাতা—ঠিকানায় বাংলা-সরকারের শিল্প-বিভাগের ডিরেক্টারের নিকট ৫১০ দুই পয়সার ডাক-টিকিট সহ চিঠি লিখিলে এই পুস্তিকা পাওয়া যাইবে।

## নিয়োগ-উপদেষ্টার বিজ্ঞপ্তি

বাংলা সরকারের নিয়োগ-উপদেষ্টা সাধারণের অবগতির জন্য জানাইতেছেন যে, ভারতীয় বিমান-বাহিনীর রিজার্ভ ভলাণ্টিয়ারদল ও সামরিক সাজসজ্জা এবং রাইফেল ফ্যাক্টরীর কারিগরী বিভাগে নিযুক্তির জন্য আর কোন আবেদন গৃহীত হইবে না। ইতিমধ্যেই প্রায় দুই সহস্র দরখাস্ত পাওয়া গিয়াছে এবং এই সব দরখাস্ত সম্বন্ধে যথোচিত ব্যবস্থা করিতে কতক সময় লাগিবে।

## বড়লাট বাহাদুর

মহামান্য বড়লাট বাহাদুর তাঁহার শীতকালীন সফর শেষ করিয়া গত ৩রা জানুয়ারী তারিখে কলিকাতা পরিত্যাগ করিয়াছেন।

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১২ই ফেব্রুয়ারী ১৯৪০

১০৮৯ থাং ডিঃ বুদ্ধু হোসেন মণ্ডল দেং সীতানাথ সাহা দীং দাবি ২৫॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাগপাড়া ১-৮৮ শতকের কাত ১০।৴৪ আঃ ২০৲ থং ১৮৭

১০৯১ থাং ডিঃ ঐ দেং সীতানাথ সাহা দাবি ২০॥৴৩ মৌজাদি ঐ ৬৮ শতকের কাত ৫॥৴৩ আঃ ১৫৲ থং ১৮৬

১০৯২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৸৶০ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ১॥/১০ আঃ ৫৲ থং ১৯৮

১০৯৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৸৬ মৌজাদি ঐ ১-৫৯ শতকের কাত ৫৸৴৭ আঃ ১৫৲ থং ১৮৮

১০৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮॥৴০ থানা ঐ মৌজে কাঞ্চনপুর ৫৫ শতকের কাত ১॥/০ আঃ ৫৲ থং ২১৮

১০৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৷৴০ আঃ ৫৲ থং ২২১

৭৮৯ থাং ডিঃ দোলগোবিন্দ দাস দেং জামির মহালদার দাবি ১১৲৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৪৪ শতকের কাত ৪৴০ আঃ ৫৲ থং ১২৪

১১০১ থাং ডিঃ ক্ষেমচাঁদ চুরুরিয়া দেং ধীরেন্দ্রনাথ রায় দীং দাবি ৬৪১॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর মহাল দীং চতুর্থ পত্তনী স্বত্বের সালিয়ানা জমা ২০০৲ আঃ ১০০৲ থং ২৮৩

১০৭৯ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং শরৎমনী দাসী দাবি ৬৯।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতন বাহাদুরপুর ৯॥২৸০ বিঘার কাত ১৪।৶৬ আঃ ৩০৲

৪০০ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দীং দেং দক্ষবালা দাসী দাবি ৬৩॥৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ঘোরশালা ২-২২ শতকের কাত ৬॥৴৫ আঃ ৪৫৲ থং ৭৫

৮৩৮ থাং ডিঃ তরঙ্গিনী দাসী দেং দুর্গাপদ চট্টোপাধ্যায় দীং দাবি ৭৫।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঘা ২-৬৮ শতকের কাত ১১॥০ আঃ ২৫৲ থং ৩০

১০১৬ থাং ডিঃ মহাদেবচরণ রায় দেং খাতির মণ্ডল দাবি ৩০৸/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৩/০ বিঘার কাত ১॥০ আঃ ১০৲ থং ৩৫৩

৫০৮ থাং ডিঃ কুমার চন্দ্রসিংহ দুধোরিয়া দীং দেং চন্দ্রশেখর সাহা দাবি ১৯৸৴৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ২ শতকের কাত ১৸৶৬ আঃ ৫৲ থং ১০৩২ রায়ত স্থিতিবান

৫০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸৶৩ ঐ মৌজাদিতে ২ শতকের কাত ১॥৴৯ আঃ ৫৲ থং ১০৩১

৯১৬ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং বহুবল্লভ আচ্ছি দাবি ১৮৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহম্মদপুর ও কাঞ্চনপুর ১-১০ শতকের কাত ১৸০ আঃ ১০৲ থং ২৯৪। ৪০৫

৪৯৫ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং জলদবরণী দেবী দীং দাবি ২১॥০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলরী ২/৪ বিঘার কাত ৪।৶১ আঃ ১০৲ থং ৯১

১০৮০ থাং ডিঃ ব্যোমকেশ মুখোপাধ্যায় দেং ভুবন মণ্ডল দাবি ১১৸৬ থানা সুতী মৌজে উমরাপুর ৫৬ শতকের কাত ১/৬ আঃ ১০৲ থং ১৪৭৭ রায়ত স্থিতিবান

৮৭২ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দীং দেং ঝড়ুলাল দাস দাবি ৩১॥৴০ থানা সুতী মৌজে পারুলিয়া ১-৭৫ শতকের কাত ৩৸/১১ আঃ ১২৲ থং ১৩০

৮৬২ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দীং দেং গোষ্ঠরমণ দাস দীং দাবি ১৭।৴৬ থানা সুতী মৌজে শ্রীরামপুর ১।৩॥ বিঘার কাত ১।৩৸ আঃ ১০৲ থং ১৬

৭৮৪ থাং ডিঃ যজ্ঞেশ্বর মিশ্র দীং দেং সেবাইত মহেন্দ্রনারায়ণ সিংহ দীং দাবি ১২৯৴০ থানা সুতী মৌজে ইচলীপাড়া ৫০/১৸৶ বিঘার কাত ৩৮।৯ আঃ ৫০৲ থং ১৯৯৮ অধীনস্থ থং ১৯৯৯ হইতে ২০২৮, ২০৩০ হইতে ২০৩৯

৭৮৫ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ সিংহ দীং দাবি ৮১৸৴৩ মৌজাদি ঐ ৬-৬৬ শতকের কাত ২৩/৮ আঃ ৪৫৲ থং ২০৭০ অধীনস্থ থং ২০৭১ হইতে ২০৮৫

